

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।



নং ১৫.৫৪.০০০০.০৪২.৪৩.২৯২.২১. ৪৮

তারিখঃ ২২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২২ খ্রিঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা উপ-কমিটির সভার কার্যবিবরণী

তারিখঃ ০৪.০১.২০২২।
স্থানঃ সভা কক্ষ
সময়ঃ সকাল ১১.০০টা।
সভাপতিঃ জনাব নিতাই কুমার ভট্টাচার্য, জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক” দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ উপস্থিত সকলকে ২০২১-২০২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে কর্ম সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	২০২১-২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কাঠামো অনুযায়ী কার্যক্রম গ্রহণ	ক) ২০২১-২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামো অনুযায়ী লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। খ) শুদ্ধাচার বিষয়ে অনুষ্ঠান, স্পট/ফিলারসহ সং উপার্জন, ছেলে মেয়ের নৈতিকতা শিক্ষা ও খাদ্যে ভেজাল প্রতিরোধ বিষয়ে স্পট/ফিলার নিয়মিত প্রচার অব্যাহত রাখতে হবে।	শাখা প্রধান (সকল)/ কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ অধিবেশন নিয়ন্ত্রক
০২.	পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা	ক) কর্ম পরিবেশ উন্নয়নে অফিস ভবনসহ আঞ্জিনা ও আশপাশের এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে। খ) কোভিড ১৯ মোকাবেলায় যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণ করে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)/ শাখা প্রধান (সকল)
০৩.	অংশীজনের অংশগ্রহণে সভা	ক) ইঞ্জিনিয়ারিং ম্যানেজার গণপূর্ত, বিদ্যুৎ, রেলওয়ে, ওয়াসা ও সিটি কর্পোরেশনের প্রতিনিধিদের সমন্বয়ে একটি অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করবেন। খ) কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার জনাব সাহরিয়ার মোহাম্মদ হাসান শিল্পীদের সমন্বয়ে একটি অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করবেন।	ইঞ্জিনিয়ারিং ম্যানেজার জনাব সাহরিয়ার মোহাম্মদ হাসান কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার
০৪.	প্রশিক্ষণ আয়োজন	লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (অর্থ)
০৫.	যথাসময়ে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ	সদর দপ্তরের চাহিদা/নির্দেশনা মোতাবেক সকল প্রতিবেদন যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	অধিবেশন নিয়ন্ত্রক/ সহকারী পরিচালক (প্রশাসন)

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নকারী কর্মকর্তা
০৬.	নন্দনকাননে অব্যবহৃত মালামাল/ যন্ত্রপাতি	নন্দনকাননে অব্যবহৃত মালামাল/যন্ত্রপাতির তালিকা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ভালো যন্ত্রপাতিসমূহ চিহ্নিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	ইঞ্জিনিয়ারিং ম্যানেজার

০২। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কোভিড ১৯ পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্য বিধি মেনে চলার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(নিতাই কুমার ভট্টাচার্য)
জেনারেল ম্যানেজার

বিতরণ:

- ০১। নৈতিকতা উপ-কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
- ০২। উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
- ০৩। কার্যালয় নথি।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।